২৬/১২/২০০১

তারিখ ........................
পৃষ্ঠা - ৭ .. কলাম ..৬......

দৈনিক ইত্তেফাক

## বেসরকারী মাধ্যমিক শিক্ষক-কর্মচারীদের বোনাস দেওয়ার আবেদন

সরকারী-বেসরকারী সকল কর্মকর্তা ও কর্মচারী কল-কারখানার শ্রমিক এমনকি ছোট-খাট দোকানের কর্মচারীরাও বৎসরের দুইটি ঈদে দুইবার বোনাস পাইয়া থাকেন। কিন্তু বেসরকারী মাধ্যমিক শিক্ষক-কর্মচারীরা এই বোনাস হইতে সম্পূর্ণরূপে বঞ্চিত। অথচ বলা হইয়া থাকে, শিক্ষা জাতির মেরুদন্ড। আর এই মেরুদন্ড তৈয়ারীর কাজে নিয়োজিত আছেন শিক্ষকগণ। এমন গুরুত্বপূর্ণ কাজে জড়িত থাকা সত্ত্বেও বেসরকারী মাধ্যমিক শিক্ষক-কর্মচারীরা ঈদ উপলক্ষে বোনাস পাইতেছেন না। ইহা নিতান্তই দুঃখজনক। বোনাস না পাওয়ার দরুন তাহারা ঈদ উৎসব ঠিকমত পালন করিতে পারেন না। ছেলে-মেয়েরা নূতন জামা-কাপড় ও উৎসব পালনের অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদির আবদার করিলে তাহারা তাহা ঠিকমত রক্ষা করিতে পারেন না। তখন তাহাদের মন দুঃখে ভারাক্রান্ত হইয়া ওঠে। বেতন কম হওয়ার ফলে এমনিতেই তাহাদের সারা বৎসর নানারূপ দুঃখ-দুর্দশার মধ্য দিয়া দিনাতিপাত করিতে হয়, ইহার মধ্যে ঈদের আগমনে তাহাদের দুর্দশা আরও বহুগুণ বাড়িয়া যায়। এমতাবস্থায়, বেসরকারী মাধ্যমিক শিক্ষক-কর্মচারীরা যাহাতে নিজ নিজ ছেলে-মেয়েদের নিয়া বৎসরের ধর্মীয় উৎসব ঠিকমত পালন করিতে পারেন, সেই লক্ষ্যে তাহাদের নিয়মতান্ত্রিকভাবে বোনাস দেওয়ার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কৃপা দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**মোঃ আবদুর রহিম,**
সহকারী শিক্ষক,
দক্ষিণ মির্জানগর আছমতেন্নেছা
উচ্চ বালিকা বিদ্যালয়,
ডাকঘরঃ বাজার হাসনাবাদ,
উপজেলাঃ রায়পুরা,
জেলাঃ নরসিংদী।